




স্মারক নং-বা:স্কা:(আন্তর্জাতিক-২১০/২০২২)/ ২৫৪ (১৮২)/২০২২

তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৯
১০ আগস্ট ২০২২

১৮তম জাতীয় স্কাউট জাম্বুরী, ভারত

ভারত স্কাউটস অ্যান্ড গাইডস (Bharat Scouts and Guides) আগামী ৪ - ১০ জানুয়ারি ২০২৩ পর্যন্ত ১৮তম জাতীয় স্কাউট জাম্বুরী ভারতের রাজস্থানে আয়োজন করবে। উক্ত জাম্বুরীতে স্কাউট, রোভার স্কাউট, ইয়াং অ্যাডাল্ট ও অ্যাডাল্ট লিডারগণ অংশগ্রহণ করতে পারবেন। বাংলাদেশ স্কাউটস একটি কন্টিনজেন্ট প্রেরণ করবে। বিস্তারিত তথ্য নিম্নরূপ :

ইভেন্টের নাম :	১৮তম জাতীয় স্কাউট জাম্বুরী
তারিখ :	৪ - ১০ জানুয়ারি ২০২৩
ভেন্যু :	রাজস্থান, ভারত
থিম :	Progress with Peace
স্কাউট :	কমপক্ষে স্ট্যান্ডার্ড ব্যাজ স্তর। জন্ম : ৪ জানুয়ারি ২০০৭ থেকে ৪ জানুয়ারি ২০১০ এর মধ্যে।
ইউনিট লিডার / অ্যাডাল্ট লিডার :	কমপক্ষে উডব্যাড অর্জনকারী।
রোভার স্কাউট :	কমপক্ষে প্রশিক্ষণ স্তর।
ইয়াং অ্যাডাল্ট :	কমপক্ষে ইউনিট লিডার বেসিক কোর্স সম্পন্নকারী।
সম্ভাব্য ব্যয় :	কমবেশি মোট টাকা = ৪৫,০০০.০০ (পঁয়তাল্লিশ হাজার) মাত্র। উল্লিখিত অর্থের মধ্যে রেজিস্ট্রেশন ফি, আবাসন, অভ্যন্তরীণ ভাড়া, ভিসা প্রসেসিং, কন্টিনজেন্টস কিটস ও শিক্ষা সফর অন্তর্ভুক্ত থাকবে। ডলার রেট বিবিধ কারণে অপ্রত্যাশিতভাবে উঠানামা করে। সুতরাং পরিবর্তিত পরিস্থিতি সাপেক্ষে অংশগ্রহণ ব্যয় কমবেশি হতে পারে যা অংশগ্রহণকারীকে বহন করতে হবে। উক্ত ব্যয়ের বিষয়ে বাংলাদেশ স্কাউটস এর কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
অর্থ জমা প্রদান :	চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পূর্বে আবেদনকারীদের বাংলাদেশ স্কাউটসে কোন অর্থ জমা প্রদান করতে হবে না। বাংলাদেশ স্কাউটসের আন্তর্জাতিক বিভাগ পরবর্তীতে অর্থ জমা প্রদানের তারিখ, পরিমাণ প্রভৃতি বিষয়ে লিখিতভাবে অবহিত করবে।
আবেদনপত্র জমা :	বাংলাদেশ স্কাউটস এর সকল অঞ্চল স্কাউট, ইউনিট লিডার, অ্যাডাল্ট লিডার, রোভার স্কাউট ও ইয়াং অ্যাডাল্ট বাছাই করে করে অত্রায়ণপত্রসহ আবেদনপত্র আগামী ৮ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।


(কে এম সাইদুজ্জামান) ১০.৬.২০২২
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) —
বাংলাদেশ স্কাউটস

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। আঞ্চলিক উপ কমিশনার (আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৩। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস ;

সদয় জ্ঞাতার্থে:

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
- ২। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস ;
- ৩। সভাপতি/কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৪। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।